# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 23 June, 2025

মুন্সীগঞ্জের সিরাজদীখানে বালুচর ইউনিয়নের বালুচর বাজারে দুই গ্রামের লোকজনের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষে অন্তত ৩০ জন আহত হয়েছেন, যাদের মধ্যে ৬ জন টেঁটাবিদ্ধ।সংঘর্ষ চলাকালে বাজারের ১০টি দোকানেও ভাঙচুর চালানো হয়।

ঘটনাটি ঘটে সোমবার (২৩ জুন) দুপুরে, মোল্লাকান্দি ও খাসমহল বালুচর গ্রামের বাসিন্দাদের মধ্যে।স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, মোল্লাকান্দির শাহীন ব্যাপারীর একটি ব্যাটারিচালিত অটোরিকশার গ্যারেজ রয়েছে বালুচর বাজারে।তার গ্যারেজে ৬ মাসের বিদ্যুৎ বিল বাকি রয়েছে।সোমবার বিল আদায়ে বিদ্যুৎ বিভাগের এক কর্মকর্তা গ্যারেজে গেলে তর্কে জড়ান শাহীন।

প্রত্যক্ষদর্শীদের ভাষ্য অনুযায়ী, খাসমহল বালুচরের সুলতান সর্দার (৪০) বিদ্যুৎ কর্মকর্তার পক্ষ নিলে তাঁর সঙ্গে শাহীনের হাতাহাতি হয়।এরই জেরে দুই গ্রামের লোকজন সংঘর্ষে জড়িয়ে পড়ে।

ঘটনাস্থলে টেঁটা, লাঠিসোটা ও দেশীয় অস্ত্র ব্যবহার করা হয়।আহতদের স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে এবং টেঁটাবিদ্ধ ৬ জন সেখানে চিকিৎসাধীন বালুচর ইউপি চেয়ারম্যান আওলাদ হোসেন বলেন, “তুচ্ছ বিষয় নিয়ে মারামারিতে জড়ায় দুই গ্রামের লোকজন।এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে।”

সিরাজদীখান থানার ওসি শাহেদ আল মামুন জানান, “সংবাদ পেয়ে পুলিশ ও সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।বর্তমানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ঘটনাস্থলে

রয়েছে।ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’

সংঘর্ষ আহত পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:59

URL: https://www.timestodaybd.com/dhaka/3602959956